

মালয়েশিয়ায় বাংলাদেশি কর্মীদের জন্য মাল্টিপল এন্ট্রি ভিসা চালু

- A Monitor Desk Report

Date: 09 August, 2025



ঢাকাঃ বাংলাদেশি কর্মীদের জন্য মাল্টিপল-এন্ট্রি ভিসা সুবিধা চালু করা হয়েছে। গত ১৫ জুলাই এক ফেসবুক পোস্টের মাধ্যমে মালয়েশিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস বাংলাদেশি কর্মীদের মাল্টিপল এন্ট্রি ভিসা দেয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছিল, যা শুক্রবার (৮ আগস্ট) থেকে কার্যকর হয়েছে।

মালয়েশিয়ার স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এই পদক্ষেপের মাধ্যমে দেশে ও দেশের বাইরে অভিবাসী কর্মীদের চলাচল আরো ভালোভাবে ব্যবস্থাপনা করা সম্ভব হবে এবং ইমিগ্রেশন পাসের অপব্যবহার কমিয়ে আনা যাবে।

মন্ত্রণালয় জানায়, আন্তর্জাতিক প্রবেশপথে বৈধ পাসপোর্টধারীদের জন্য ইমিগ্রেশন বিভাগের মাধ্যমে এ মাল্টিপল-এন্ট্রি ভিসা সুবিধা সমন্বয় করা হবে।

বাংলাদেশি কর্মীরা যারা এরই মধ্যে মালয়েশিয়ায় রয়েছেন এবং তাদের কাছে অস্থায়ী কাজের ডিজিট পাস ও সিঙ্গেল-এন্ট্রি ভিসা রয়েছে, তাদের আলাদাভাবে মাল্টিপল-এন্ট্রি ভিসার জন্য আবেদন করতে হবে না।

মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়েছে, অস্থায়ী কাজের ডিজিট পাস হোল্ডারদের জন্য পরবর্তী বছরের নবায়নের প্রক্রিয়ার অংশ হিসেবে মাল্টিপল-এন্ট্রি ভিসার প্রদান করা হবে।”

এছাড়া এ পদক্ষেপের ফলে বিদেশে অবস্থিত মালয়েশিয়ান মিশনগুলোয় নতুন ভিসা আবেদনের চাপ কমবে বলে মন্ত্রণালয় আশা প্রকাশ করেছে।

এ ব্যবস্থা বাংলাদেশি কর্মীদের জন্য যেমন সুবিধাজনক হবে, তেমনি মালয়েশিয়ার ইমিগ্রেশন ব্যবস্থাপনাকে আরো কার্যকর ও নিরাপদ করবে বলে প্রত্যাশা করে দেশটি।

মালয়েশিয়া ১৫টি দেশ থেকে কর্মী নিয়োগ করে, কিন্তু শুধু বাংলাদেশী কর্মীদের ক্ষেত্রে মাল্টিপল-এন্ট্রি ভিসার পরিবর্তে সিঙ্গেল এন্ট্রি ভিসা প্রদান করত। ফলে বাংলাদেশী কর্মীরা ব্যাপক ভোগান্তির সম্মুখীন হতো। মাল্টিপল-এন্ট্রি ভিসা চালুর ফলে স্বস্তি পাবেন দেশটিতে থাকা প্রবাসীরা।

-B